



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১১

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৫৩ তম কমিশন সভা অদ্য ২৪/০৭/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. ইউনিক শেয়ার ম্যানেজমেন্ট লিঃ (ডিএসই ট্রেড নং-১০৯), এবি অ্যান্ড কোম্পানি লিঃ (ডিএসই ট্রেড নং-৪৩) ও এ্যালায়েন্স সিকিউরিটিজ অ্যান্ড ম্যানেজমেন্ট লিঃ (ডিএসই ট্রেড নং-১৩৭) জুন ৩০, ২০১৭ তারিখের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী নির্ধারিত সময়ে দাখিল না করে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১৩(৪) লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন সভায় ইউনিক শেয়ার ম্যানেজমেন্ট লিঃ, এবি অ্যান্ড কোম্পানি লিঃ ও এ্যালায়েন্স সিকিউরিটিজ অ্যান্ড ম্যানেজমেন্ট লিঃ-কে সতর্ক (Warning) করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
২. কেয়া কসমেটিকস লিঃ তাদের সেপ্টেম্বর ৩০, ২০১৭ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের আর্থিক হিসাব বিবরণী নির্ধারিত সময়ে দাখিল না করে কমিশনের নোটিফিকেশন নং-SEC/CMRRCD/2008-183/Admin/03-31 তারিখ September 27, 2009 ভঙ্গ করেছে। উল্লেখ্য, ইতোপূর্বে একাধিকবার সতর্ক করা সত্ত্বেও একই ধরনের সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন কেয়া কসমেটিকস লিঃ এর প্রত্যেক পরিচালক-কে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতীত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ (আইসিএমএল) তাদের ২৫ জন বিনিয়োগকারীর পক্ষে ১৮,৫৮২ টি সাইফ পাওয়ার টেক লিঃ এর রাইট শেয়ারের আবেদন না করে উক্ত শেয়ারসমূহ বিনিয়োগ হিসাবধারীর সম্মতি ব্যতিত রিনানসিয়েশন এর মাধ্যমে আইসিএমএল এর নিজস্ব পত্রকোষ (Portfolio) এ প্রাপ্তির লক্ষ্যে আবেদন করে। এর মাধ্যমে আইসিএমএল কমিশনের আদেশ নং-SEC/CMRRCD/2009-193/169 তারিখ May 14, 2015 লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এর ১৮,৫৮২ টি উক্ত রাইট শেয়ারের আবেদন বাতিল ও আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ-কে সতর্ক (Warning) করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৪. কমিশন অদ্যকার সভায় বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড 'CAPITEC Padma P.F. Shariah Unit Fund'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ (এক) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ (নয়) কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড এবং সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে ক্যাপিট্যাক অ্যাসেট ম্যানেজমেন্ট লিঃ এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।



28/07/2018

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।